Rec cir36

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
প্রধানমন্ত্রীর কার্যালয়
বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ
বেপজা কমপ্লেক্স
বাড়ি নং-১৯/ডি, রোড নং-৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.bepza.gov.bd

নং ০৩.০৬.২৬১৬.৩০৭.১১.০৬৯.২১. ৫৯৮ তারিখ: ২০ বৈশাখ ১৪৩০
০৩ মে ২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষের রাজস্বখাতে নিম্নবর্ণিত কর্মকর্তা/কর্মচারীর শূন্যপদে নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | পদ সংখ্যা (জন) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|
| (১) | কম্পিউটার প্রোগ্রামার (গ্রেড-৬), ৩৫,৫০০-৬৭,০১০/- | ১ | বিএসসি ইঞ্জিনিয়ারিং ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং ইন কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং অথবা কম্পিউটার সাইন্সে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে ৬ বছরের চাকরির অভিজ্ঞতা। | প্রযোজ্য নয় |
| (২) | সহকারী প্রকৌশলী (পুর) (গ্রেড-৯), ২২,০০০-৫৩,০৬০/- | ৪ | বিএসসি ইঞ্জিনিয়ারিং (পুর) ডিগ্রী। | প্রযোজ্য নয় |
| (৩) | সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) (গ্রেড-৯), ২২,০০০-৫৩,০৬০/- | ২ | বিএসসি ইঞ্জিনিয়ারিং (বিদ্যুৎ) ডিগ্রী। | প্রযোজ্য নয় |
| (৪) | সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) (গ্রেড-৯), ২২,০০০-৫৩,০৬০/- | ১ | বিএসসি ইঞ্জিনিয়ারিং (যান্ত্রিক) ডিগ্রী। | প্রযোজ্য নয় |
| (৫) | উপ-সহকারী প্রকৌশলী (পুর) (গ্রেড-১০), ১৬,০০০-৩৮,৬৪০/- | ৮ | ইঞ্জিনিয়ারিং (পুর) এ ডিপ্লোমা। | প্রযোজ্য নয় |
| (৬) | উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) (গ্রেড-১০), ১৬,০০০-৩৮,৬৪০/- | ১ | ইঞ্জিনিয়ারিং (বিদ্যুৎ) এ ডিপ্লোমা। | প্রযোজ্য নয় |
| (৭) | উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) (গ্রেড-১০), ১৬,০০০-৩৮,৬৪০/- | ১ | ইঞ্জিনিয়ারিং (যান্ত্রিক) এ ডিপ্লোমা। | প্রযোজ্য নয় |
| (৮) | উপ-সহকারী প্রকৌশলী (যানবাহন) (গ্রেড-১০), ১৬,০০০-৩৮,৬৪০/- | ৩ | ইঞ্জিনিয়ারিং (যান্ত্রিক/অটোমোবাইল) এ ডিপ্লোমা। | প্রযোজ্য নয় |
| (৯) | সাব-স্টেশন এটেনডেন্ট (গ্রেড-১১), ১২,৫০০-৩০,২৩০/- | ১১ | ন্যূনতম বিজ্ঞানে এইচএসসিসহ লাইসেন্সিং বোর্ড হতে 'এবিসি' লাইসেন্স প্রাপ্ত এবং সংশ্লিষ্ট কাজে ২ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা অথবা "ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল/ডিপ্লোমা ইন ইলেকট্রনিক্স/ডিপ্লোমা ইন পাওয়ার ইঞ্জিনিয়ারিং এ সনদ প্রাপ্ত"। | শরীয়তপুর, গোপালগঞ্জ, চট্টগ্রাম, লক্ষ্মীপুর, ফেনী, কুমিল্লা, সিরাজগঞ্জ, সাতক্ষীরা, কুষ্টিয়া, ঝিনাইদহ, ভোলা, ঝালকাঠি, রংপুর ও নীলফামারী জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
| (১০) | স্টোর কিপার (গ্রেড-১৩), ১১,০০০-২৬,৫৯০/- | ১ | ন্যূনতম স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ২ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। | নরসিংদী, চট্টগ্রাম, লক্ষ্মীপুর, ব্রাহ্মণবাড়িয়া, পটুয়াখালী ও হবিগঞ্জ জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
| (১১) | সার্ভেয়ার (গ্রেড-১৪), ১০,২০০-২৪,৬৮০/- | ১ | এসএসসি পাসসহ সার্ভেয়ারশিপে সার্টিফিকেট। | টাঙ্গাইল, মানিকগঞ্জ, নরসিংদী, শরীয়তপুর, গোপালগঞ্জ, মুন্সীগঞ্জ, কিশোরগঞ্জ, ফরিদপুর, নোয়াখালী, ফেনী, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, নওগাঁ, পাবনা, সিরাজগঞ্জ, নাটোর, জয়পুরহাট, বগুড়া, খাগড়াছড়ি, নীলফামারী, লালমনিরহাট, গাইবান্ধা, দিনাজপুর, কুড়িগ্রাম, বরিশাল, বরগুনা, ভোলা, পটুয়াখালী, ঝালকাঠি, পিরোজপুর, খুলনা, |
| (১২) | ড্রাফটসম্যান (গ্রেড-১৪), ১০,২০০-২৪,৬৮০/- | ১ | ড্রাফটসম্যানশিপে ডিপ্লোমাসহ ১ বছরের বাস্তব অভিজ্ঞতা। | |
| (১৩) | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪), ১০,২০০-২৪,৬৮০/- | ৪ | এইচএসসি পাশ এবং বাংলা ও ইংরেজী কম্পিউটার টাইপে প্রতি মিনিটে যথাক্রমে ২৫ এবং ৩০ শব্দের গতি। | |

| ক্রম | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | পদ সংখ্যা (জন) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|
| | | | | যশোর, সাতক্ষীরা, বাগেরহাট, নড়াইল, ময়মনসিংহ, শেরপুর ও সিলেট জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
| (১৪) | গাড়ী চালক (গ্রেড-১৬), ৯,৩০০-২২,৪৯০/- | ২৫ | ৮ম শ্রেণী পাস এবং যানবাহন চালনায় সরকার কর্তৃক নির্ধারিত উপযুক্ত কর্তৃপক্ষ হতে লাইসেন্স প্রাপ্ত। | মাদারীপুর, ফরিদপুর, মুন্সীগঞ্জ, শরীয়তপুর, গোপালগঞ্জ, খাগড়াছড়ি, পাবনা, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, কুড়িগ্রাম, বরিশাল, ঝালকাঠি, ভোলা, পিরোজপুর, বরগুনা, বাগেরহাট, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, নড়াইল, মেহেরপুর ও শেরপুর জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
| (১৫) | পাম্প অপারেটর (গ্রেড-১৬), ৯,৩০০-২২,৪৯০/- | ২০ | এসএসসি পাসসহ লাইসেন্সিং বোর্ড থেকে 'সি' লাইসেন্স প্রাপ্ত এবং সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | |
| (১৬) | ইলেকট্রিক/লাইনম্যান হেলপার (গ্রেড-২০), ৮,২৫০-২০,০১০/- | ৪ | ৮ম শ্রেণী পাস এবং লাইসেন্সিং বোর্ড হতে 'সি' লাইসেন্স প্রাপ্ত। | রাজবাড়ি, শরীয়তপুর, মাদারীপুর, মানিকগঞ্জ, নরসিংদী, চাঁদপুর, নোয়াখালী, কক্সবাজার, পাবনা, সিরাজগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, নীলফামারী, রংপুর, কুড়িগ্রাম, দিনাজপুর, বরিশাল, ঝালকাঠি, বরগুনা, পটুয়াখালী, কুষ্টিয়া, বাগেরহাট, সাতক্ষীরা, যশোর, ঝিনাইদহ, নড়াইল, রংপুর, ময়মনসিংহ, নেত্রকোনা ও জামালপুর জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
| (১৭) | ডিসপাচ রাইডার (গ্রেড-২০), ৮,২৫০-২০,০১০/- | ২ | এসএসসি পাশসহ মোটর সাইকেল চালানোর দক্ষতা। | |
| (১৮) | রাজমিস্ত্রী হেলপার (গ্রেড-২০), ৮,২৫০-২০,০১০/- | ২ | ৮ম শ্রেণী পাস এবং সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা। | |
| (১৯) | মালী (গ্রেড-২০), ৮,২৫০-২০,০১০/- | ১ | ৮ম শ্রেণী পাস এবং সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা। | |
| (২০) | সহকারী বাবুর্চি (গ্রেড-২০), ৮,২৫০-২০,০১০/- | ১ | ৮ম শ্রেণী পাস এবং সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা। | |

**শর্তাবলী:**

(১) সকল পদে সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবেন;

(২) ক্রমিক নং ১ এ বর্ণিত পদে আবেদনকারীর বয়স ০১ মে ২০২৩ তারিখে সর্বোচ্চ ৩৫ বছর;

(৩) অন্যান্য পদের ক্ষেত্রে, আবেদনকারীর বয়স ০১ মে ২০২৩ তারিখে সর্বনিম্ন ১৮ বছর। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখা এর স্মারক নং ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৯, তারিখ: ২২/০৯/২০২২ মোতাবেক ২৫ মার্চ ২০২০ তারিখে সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর। বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী কোটার প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বছর। বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা এর ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর;

(৪) বেপজার রাজস্বখাতে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ (পয়ত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য;

(৫) আগ্রহী সকল প্রার্থীকে অনলাইনে www.jobs.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে আগামী ৮ মে ২০২৩ তারিখ সকাল ১০:০০ ঘটিকা থেকে থেকে ৩১ মে ২০২৩ তারিখ রাত ১১:৫৯ ঘটিকা পর্যন্ত আবেদন দাখিল, আবেদন ফি পরিশোধ এবং Payment Verification সম্পন্ন করতে হবে। পেমেন্ট ভেরিফিকেশন সম্পন্ন না করলে, নির্ধারিত সময়ের পরে বা অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন গৃহীত হবে না;

(৬) অনলাইনে আবেদনের জন্য www.jobs.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে প্রথমে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের জন্য ই-মেইল ও মোবাইল নম্বর আবশ্যক। নিবন্ধন সম্পন্ন হওয়ার পর নিবন্ধনধারী ই-মেইলে erecruitment কর্তৃক ভেরিফিকেশন লিংক এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। ই-মেইল আইডি দিয়ে লগইন করে আবেদনের প্রয়োজনীয় ধাপসমূহ সম্পন্ন করতে হবে (প্রয়োজনে সংশ্লিষ্ট ওয়েবসাইট থেকে নিবন্ধন ও আবেদনের গাইডলাইন অনুসরণ করতে হবে) অনলাইনে চাহিত সকল তথ্যাদি, প্রয়োজনীয় সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদ আপলোড করতে হবে;

(৭) Online-এ আবেদনের সময় নির্ধারিত স্থানে প্রার্থীর স্বাক্ষর (সাইজ: দৈর্ঘ্য ৩০০ pixel প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (সাইজ: দৈর্ঘ্য ৩০০ pixel প্রস্থ ৩০০ pixel) আপলোড করতে হবে;

(৮) আবেদনকারীদের পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১-৪ এ বর্ণিত পদের জন্য ৬১২ টাকা, ক্রমিক নম্বর ৫-৮ এ বর্ণিত পদের জন্য ৫১২ টাকা, ক্রমিক নম্বর ৯ এ বর্ণিত পদের জন্য ৩১২ টাকা, ক্রমিক নম্বর ১০-১৫ এ বর্ণিত পদের জন্য ২১২ টাকা এবং ক্রমিক নম্বর ১৬-২০ এ বর্ণিত পদের জন্য ১১২ টাকা (সার্ভিস চার্জসহ) Rocket, bKash এবং Nagad এর মাধ্যমে (বিস্তারিত অনলাইন ফরমে পাওয়া যাবে) জমা করতে হবে;

(৯) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান/প্রযোজ্য সকল প্রকার কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে। কোটার প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কাগজপত্রাদি আপলোড করতে হবে;

(১০) মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অনলাইনে পূরণকৃত ফরমের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্র, চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র, স্থায়ী ঠিকানার সমর্থনে

সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগিরকত্ব সনদপত্রসহ সংশ্লিষ্ট সকল কাগজপত্রাদি মূলকপি ও ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

(১১) কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো সময় এই নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার এবং বিজ্ঞপ্তিতে শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি বা বাতিল/সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে;

(১২) একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না;

(১৩) সার্বিক নিয়োগ প্রক্রিয়ায় উপরে উল্লেখ করা হয়নি এরূপ ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে;

(১৪) শেষ সময়ের জন্য অপেক্ষা না করে যথেষ্ট সময় নিয়ে আবেদন, ফি পরিশোধ এবং পেমেন্ট ভেরিফিকেশন সম্পন্ন করার জন্য প্রার্থীদের পরামর্শ প্রদান করা হলো;

(১৫) নিয়োগ সংক্রান্ত যেকোন তথ্যের জন্য support@erecruitment.bcc.gov.bd অথবা recruitment@bepza.gov.bd এ মেইল করা যাবে।

০৬।৫।২০২৬

নির্বাহী পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ